

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 07 April, 2025

চট্টগ্রামের বোয়ালখালীতে অস্ত্রসহ চারজন শীর্ষ সন্ত্রাসী ও মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। রবিবার (৬ এপ্রিল) দিবাগত রাত ৩ টার দিকে উপজেলার চরণদ্বীপ ইউনিয়ন মসজিদঘাট এলাকায় ক্যাম্প কমান্ডার মেজর রাসেলের নেতৃত্বে বিশেষ অভিযান পরিচালনা করে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

এসময় তাদের থেকে ২টি লোকাল গান, ৩ টি এ্যামোনিশন, ৫৭ টি দেশীয় অস্ত্র, ৯টি মোবাইল, ৭৫০ গ্রাম গাজা, ২ লিটার দেশি মদ, ৪ হাজার ৭শ দেরহাম বৈদেশিক মুদ্রা ও নগদ ৫২ হাজার ৬৭০ টাকা জব্দ করা হয়।

আসামিরা হলো, চরণদ্বীপ এলাকার হাঙ্গুল মিয়া (৫০), মৃত আফজাল আহম্মেদের ছেলে মো. মনজুরুল আলম (৩৭), মৃত আনু মিয়া (২৪) ও মো. মুজাহিদের ছেলে মো. গ্যাস বাবুল (৫০)।

সোমবার (৭ এপ্রিল) বোয়ালখালী উপজেলার ক্যাম্প কমান্ডার মেজর রাসেল বলেন, তারা চরণদ্বীপ ইউনিয়নে আধিপত্য বিস্তার করে আসছে দীর্ঘদিন ধরে। এলাকায় চাঁদাবাজি, মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড করার তথ্য রয়েছে আমাদের কাছে। এলাকাবাসীর তথ্যের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করে তাদের গ্রেপ্তার করতে সক্ষম হয় এবং জব্দকৃত মালামাল ও আসামিদের আইনি প্রক্রিয়ার জন্য বোয়ালখালী থানার পুলিশের কাছে হস্তান্তর করা হবে।

চট্টগ্রাম সেনাবাহিনী সন্ত্রাসী ও মাদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 03:02

URL: <https://timestodaybd.com/across-the-country/730225426>